

ইদারাতুল জিলান

১৭ ২০০২

সংখ্যা: ১৪/২০০২-৫১৩
তারিখ: ১৪-৯-২০০২ ইং
৩০-০৫-১৪০৯ সাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর
১ম ১২-তলা সরকারী অফিস ভবন
সেতনবাগিচা, ঢাকা

সং.সংকল্প.পি.সং.১৪/২০০০-৫১৩

তারিখ: ১৪-৯-২০০২ ইং
৩০-০৫-১৪০৯ সাল

বিজ্ঞপ্তি

বিষয় : ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের
সন্তান-সন্তুতীদের জন্য ২০০২-২০০৩ অর্থ
বৎসরের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান।

ডাক, তার ও দুলাপদী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বেসামরিক খাত হইতে বেতন গ্রহণকারী ৩য় ও ৪র্থ শ্রেণীর নন-গেজেটেড সকল সরকারী কর্মচারীদের নিকট হইতে তাহাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত করমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। কন্ট্রোলিং, ওয়ার্কচার্জ কর্মচারী, যাহারা একনাগাড়ে ৫ (পাঁচ) বৎসর বা তদধিককাল চাকরীতে নিয়োজিত আছেন তাহারাও তাহাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করিতে পারিবেন।

২। উপরোক্ত শ্রেণীর কর্মচারীগণ প্রাথমিক শিক্ষা ব্যতীত যে কোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনধঃ ২ (দুই) জন সন্তানের জন্য একই ফরমে আবেদন করিতে পারিবেন। তবে তাহাদের সন্তানদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষায় প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ গড়ে ৪০% থাকিতে হইবে। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের (৬ষ্ঠ শ্রেণী হইতে ১০ম শ্রেণী পর্যন্ত) পূর্ববর্তী অর্থবর্ষিক পরীক্ষার নম্বরপত্র এবং মাধ্যমিক শিক্ষা কোর্সের উপরের শ্রেণীর ক্ষেত্রে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্রসহ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করিয়া আগামী ৩১শে অক্টোবর ২০০২/১৬ই কার্তিক ১৪০৯ তারিখের মধ্যে নিজ নিজ অফিস প্রধানের মাধ্যমে সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তরের সংশ্লিষ্ট অফিসে পৌছাইতে হইবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হইবে না। পরীক্ষার ফলাফলের মূল নম্বরপত্রের পরিবর্তে তার ফটোকপি কিংবা অনুলিপি প্রদান করা হইলে তাহা অবশ্যই ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

৩। শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক ঘাহাতে কর্মচারীগণ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করিতে পারে সেদিকে লক্ষ্য রাখিয়া অধিদপ্তরের প্রধান ও বিভাগীয় কার্যালয়সমূহ এবং প্রত্যেক জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে বিনামূল্যে ফরম বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

৪। কর্মচারীগণ ব-২ অফিস কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিয়া অধিদপ্তরের নির্মূর্ণিত কার্যালয়সমূহ অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অফিস হইতে ব্যক্তিগতভাবে কিংবা ডাকযোগে ৪.০০ (চার) টাকার ডাকটিকিটযুক্ত ঠিকানা সম্বলিত ১০" X ৫" সাইজের খাম প্রেরণপূর্বক উক্ত ফরম সংগ্রহ করিতে পারিবেন।

- ১। মহাপরিচালক
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর
১ম ১২ তলা সরকারী অফিস ভবন (১১ তলা), সেতনবাগিচা, ঢাকা-১০০০।
- ২। উপ-পরিচালক
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর
১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৩য় তলা), সেতনবাগিচা, ঢাকা-১০০০।
- ৩। উপ-পরিচালক
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, অম্মাবাদ, চট্টগ্রাম।
- ৪। উপ-পরিচালক
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, বরগা, ফুলনা।
- ৫। উপ-পরিচালক
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৬। উপ-পরিচালক
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
- ৭। উপ-পরিচালক
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, কোট বিভিৎ, সিলেট।

টিএফপি.২২৭৭২.১৪/৯
ডি-৫০২৩/০২ (১১' X ২)

এম. এ. মাজেক
মহাপরিচালক।